যুগান্তর

তারিখ 19 APR 2009
১৩ ২

# বরিশালের ৪৭ হাজার শিক্ষার্থী প্রাথমিক বিদ্যালয় যায় না

বরিশাল ব্যুরো

বাধ্যতামূলক, প্রাথমিক শিক্ষা এবং উপবৃত্তি খাতে কোটি কোটি টাকা ব্যয়ের পরও বরিশাল অঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলো থেকে প্রতি বছরই ঝরে যাচ্ছে হাজার হাজার শিক্ষার্থী। শিক্ষা বিভাগ সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, বর্তমানে বরিশাল অঞ্চলের ৬ জেলায় প্রায় ৪৭ হাজার শিক্ষার্থী প্রাথমিক বিদ্যালয়ে যায় না। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে অযৌক্তিক শর্ত এবং প্রয়োজনীয় সচেতনতার অভাবেই এমনটা ঘটছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বরিশাল বিভাগের ৬ জেলায় মোট শিশুর সংখ্যা ৮ লাখ ৬৫ হাজার ৬২১। এর মধ্যে বিদ্যালয়ে গমনোপযোগী ২ লাখ ৮১ হাজার ২১১ জনের মধ্যে স্কুলে যায় ২ লাখ ৩৪ হাজার ৩০৩ জন। বাকি ৪৬ হাজার ৯০৮ জন রয়েছে লেখাপড়ার বাইরে। শিক্ষা অফিস সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, বরিশাল জেলার ৩ লাখ ৩৩ হাজার ৮৭৩ জন শিশুর মধ্যে বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৮১ হাজার ৮১৭। এদের ৬৯ হাজার ৭৫৭ জন স্কুলে গেলেও বাকি ১২ হাজার ৬০ জন থাকে ঘরে বসে। একইভাবে পিরোজপুরে ২১ হাজার ২৯১ জন শিক্ষার্থীর মধ্যে ২ হাজার ২৩৯, ভোলার ৭০ হাজার ১৮৪ জন শিক্ষার্থীর মধ্যে ১৫ হাজার ৪৫, বরগুনায় ৩১ হাজার ২৩১ শিক্ষার্থীর মধ্যে ৫ হাজার ১৩৩, ঝালকাঠির ১১ হাজার ৮১৭ শিক্ষার্থীর মধ্যে ২ হাজার ১৪৯ এবং পটুয়াখালীর ৫৬ হাজার ৮৭১ শিক্ষার্থীর মধ্যে ১০ হাজার ৩৮৪ জন প্রাথমিক বিদ্যালয়ে যায় না।